


যুগান্তর

বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ

তাৎপর্য লিখে পুরস্কার পেলেন ২০ শিক্ষার্থী

প্রকাশ : ২৫ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর রিপোর্ট

ঐতিহাসিক ৭ মার্চের বঙ্গবন্ধুর ভাষণের তাৎপর্য লিখে পুরস্কার জিতলেন ২০ শিক্ষার্থী। রাজধানীর ধানমন্ডি আইডিয়াল কলেজ এই প্রতিযোগিতার আয়োজন করেছিল। শনিবার প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

প্রতিযোগিতার বিষয় ছিল ‘বঙ্গবন্ধুর ভাষণ : বাঙালি জাতির ঐতিহাসিক দলিল’। মূলত কলেজটির বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার অংশ হিসেবে এই আয়োজন করা হয়েছিল। এতে সারাদেশের স্কুল-কলেজ পর্যায়ের সাড়ে ৩ হাজারের বেশি শিক্ষার্থী অংশ নেয়। তাদের মধ্য থেকে ৭০০জনের রচনা চূড়ান্ত পর্বে প্রতিযোগিতার জন্য বাছাই করা হয়। সেগুলো মূল্যায়ন শেষে স্কুলে ১০ জন ও কলেজ পর্যায়ে ১০জনকে পুরস্কৃত করা হয়। পুরস্কার হিসেবে বিজয়ীরা ফ্রেস্ট এবং ২০ হাজার টাকার চেক ও সনদ পেয়েছেন।

এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন উনুত্ত বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. এমএ মাননান। কলেজ গভর্নি বডির সভাপতি সৈয়দ রেজাউর রহমানের সভাপতিতে অনুষ্ঠানে আরো বক্তৃতা করেন সাবেক এমপি মুক্তিযোদ্ধা অধ্যাপক মমতাজ বেগম, কলেজের অধ্যক্ষ জসিম উদ্দিন প্রমুখ।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।